ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ

*দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন*

# জলবায়ু অর্থায়ন ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান: প্রকল্প বাস্তবায়নে সুশাসন

নাহিদ শারমীন, ফারহানা রহমান
গোলাম মহিউদ্দিন, এ এস এম জুয়েল

২৩ জানুয়ারি ২০১৭

# প্রেক্ষাপট ও যৌক্তিকতা

- বাংলাদেশ জলবায়ু পরিবর্তনজনিত বিপন্ন দেশগুলোর মধ্যে অন্যতম
- এদেশে ঘূর্ণিঝড়, বন্যা, লবণাক্ততা, খরা, টর্নেডো ইত্যাদি দুর্যোগের ঝুঁকি এবং বিপদাপন্নতা বিদ্যমান
- জলবায়ু ঝুঁকি এবং বিপদাপন্নতা মোকাবেলায় বাংলাদেশ সরকারের উল্লেখযোগ্য কিছু পদক্ষেপ:

  - জাতীয় অভিযোজন কর্মসূচি ও কার্যক্রম, ২০০৫ প্রণয়ন (হালনাগাদ ২০০৯)
  - বাংলাদেশ জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্মপরিকল্পনা (বিসিসিএসএপি), ২০০৮ প্রণয়ন (হালনাগাদ ২০০৯)
  - বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ প্রণয়ন
  - রাজস্ব বাজেট এবং দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক সহায়তায় জলবায়ু অর্থায়ন

# প্রেক্ষাপট ও যৌক্তিকতা...

- ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ কৌশলপত্র ও সংশ্লিষ্ট গবেষণায় স্থানীয় পর্যায়ে জলবায়ু ঝুঁকি মোকাবেলায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানের ওপর গুরুত্বারোপ
- স্থানীয় পর্যায়ে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ ১০৮টি প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে
- বিসিসিএসএপি'তে নির্ধারিত ছয়টি থিম বা বিষয়বস্তুকে কেন্দ্র করে এবং বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট তহবিল (বিসিসিটিএফ)-এর অর্থায়নে প্রকল্পসমূহ প্রণয়ন, অনুমোদন ও বাস্তবায়ন
- জেলা পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশনের মাধ্যমে প্রকল্পসমূহের বাস্তবায়ন

# প্রেক্ষাপট ও যৌক্তিকতা...

- স্থানীয় সরকার প্রতিষ্ঠানের জন্য মোট বরাদ্দের ৮২% শহরকেন্দ্রিক যা পৌরসভা ও সিটি কর্পোরেশনের মাধ্যমে বাস্তবায়ন এবং ১৮% বরাদ্দ গ্রামাঞ্চলকেন্দ্রিক যা জেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়ন
- স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত প্রকল্পে জলবায়ু তহবিল ব্যবহারে অনিয়মের অভিযোগ
- স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত জলবায়ু তহবিল থেকে প্রাপ্ত প্রকল্পসমূহে সুশাসন সংক্রান্ত নিবিড় গবেষণার অপ্রতুলতা
- স্থানীয় সরকার ও জলবায়ু অর্থায়নে সুশাসন নিশ্চিতকরণে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের প্রচেষ্টার ধারাবাহিকতা

# গবেষণার উদ্দেশ্য ও জিজ্ঞাসা

## গবেষণার উদ্দেশ্য

জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবেলায় স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত প্রকল্পসমূহে সুশাসনের চ্যালেঞ্জ চিহ্নিত করা

## গবেষণার জিজ্ঞাসা

- স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত বিসিসিটিএফ প্রকল্পসমূহে সুশাসনের দৃষ্টিকোণ থেকে শক্তিশালী ও দুর্বল দিকগুলো কি কি?
- সুশাসনের দৃষ্টিকোণ থেকে প্রকল্প বাস্তবায়ন শক্তিশালী বা দুর্বল হওয়ার কারণ এবং প্রভাব কি কি?

# গবেষণার পরিধি

- **স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত ছয়টি জলবায়ু প্রকল্পের সকল পর্যায়** (প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন)
- **প্রকল্প বাস্তবায়নকারী তিন ধরনের স্থানীয় সরকার প্রতিষ্ঠান** (পৌরসভা, জেলা পরিষদ এবং সিটি কর্পোরেশন)
- **সুশাসনের আটটি সূচকের আলোকে তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ**
  - জলবায়ু প্রকল্পে সুশাসন বিষয়ক অ্যাকাডেমিক গবেষণা ও নিবন্ধে অনুসৃত সূচক ব্যবহার
  - যৌক্তিকতা, জনঅংশগ্রহণ, সংগতি, স্বচ্ছতা, ন্যায্য বণ্টন, কার্য-সম্পাদন দক্ষতা, জবাবদিহিতা এবং শুদ্ধাচার
- **গবেষণাটি মার্চ - নভেম্বর ২০১৬ পরিচালনা করা হয়েছে**
- **গবেষণায় বিবেচিত সময়: ২০০৯ - ২০১৬** (নির্বাচিত প্রকল্পসমূহের প্রণয়ন ও বাস্তবায়ন কাল)
- **এ গবেষণার তথ্য স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত ছয়টি প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য। বিসিসিটিএফ অর্থায়নে স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত সকল প্রকল্পের ক্ষেত্রে এ গবেষণার ফলাফল সমানভাবে প্রযোজ্য নয়।**

# গবেষণা পদ্ধতি

- **এটি একটি গুণগত গবেষণা। তবে অংশগ্রহণমূলক পরিসংখ্যান ব্যবহৃত হয়েছে**
- **গবেষণার জন্য ছয়টি প্রকল্প নির্বাচন**

  - ভৌগলিক অবস্থানভেদে জলবায়ু ঝুঁকিপূর্ণ অঞ্চল, বিসিসিএসএপি-তে নির্ধারিত থিম বা বিষয়বস্তু, স্থানীয় সরকার প্রতিষ্ঠানের ধরন, বাস্তবায়নকাল ও বাজেটের আকার বিবেচনায় ছয়টি প্রকল্প নির্বাচন

| | |
|---|---|
| তথ্য সংগ্রহ পদ্ধতি | মুখ্য তথ্যদাতার সাক্ষাৎকার, ফোকাস দল আলোচনা, সামাজিক মানচিত্র, কমিউনিটি স্কোর কার্ড এবং পর্যবেক্ষণ |
| প্রাথমিক তথ্যের উৎস | জলবায়ু পরিবর্তন ও স্থানীয় সরকার বিশেষজ্ঞ, প্রকল্প পরিচালক, স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সচিব, জনপ্রতিনিধি, প্রকৌশলী ও প্রশাসনিক কর্মকর্তা, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/প্রতিষ্ঠানের কর্মকর্তা, উপকারভোগী জনগোষ্ঠী, স্থানীয় জনগোষ্ঠী, ঠিকাদার ও মিস্ত্রি |
| পরোক্ষ তথ্যের উৎস | সংশ্লিষ্ট আইন, বিধি, নীতিমালা, নির্দেশিকা, প্রাসঙ্গিক গবেষণা প্রতিবেদন, অর্থায়নকারী প্রতিষ্ঠানের বার্ষিক প্রতিবেদন, প্রকল্প প্রস্তাবনা ও ওয়েবসাইট |

- **তথ্য বিশ্লেষণে একটি বিশ্লেষণ কাঠামো অনুসরণ করা হয়েছে**

# গবেষণায় প্রাপ্ত ইতিবাচক পর্যবেক্ষণ

- দু'টি প্রকল্পে জলবায়ু ঝুঁকি মোকাবেলায় ভিন্নধর্মী বা অগতানুগতিক উদ্যোগ গ্রহণ (পরিবারভিত্তিক দুর্যোগ সহনশীল ঘর নির্মাণ এবং বর্জ্য ব্যবস্থাপনা)
- দু'টি প্রকল্পে তথ্য বোর্ডের মাধ্যমে প্রকল্প সংক্রান্ত তথ্যাদি প্রকাশ
- তিনটি প্রকল্পে প্রস্তাবনার সাথে বাস্তবায়নের সংগতি লক্ষণীয়
- সকল প্রকল্পের প্রাথমিক কার্যক্রম বিসিসিটি কর্তৃক পরিদর্শন
- প্রকল্প বাস্তবায়ন শেষে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক পরিদর্শন
- একটি প্রকল্পের ক্ষেত্রে উপকারভোগীরা নিজেরাই স্থানীয় জনপ্রতিনিধিদেরকে তাদের এলাকায় পেয়ে অভিযোগ জানিয়েছে এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ
- বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কর্তৃক একটি প্রকল্প মূল্যায়ন

# প্রকল্প প্রণয়নে সুশাসনের চ্যালেঞ্জ

## *যৌক্তিকতা, জনঅংশগ্রহণ ও সংগতি*

- **ছয়টি প্রকল্পের কোনোটিতেই কমিউনিটি পর্যায়ে জলবায়ু পরিবর্তনের ঝুঁকি ও প্রভাব এমনকি চাহিদা নিরূপণ কিংবা বিপদাপন্নতা বিশ্লেষণ করা হয় নি**
- **ছয়টি প্রকল্পের কোনোটিতেই প্রকল্প প্রণয়নকালে জনঅংশগ্রহণ নিশ্চিত করা হয় নি**
- **প্রকল্প প্রস্তাবনা তৈরিতে সংশ্লিষ্ট মেয়র/জেলা পরিষদের ক্ষেত্রে প্রশাসক ও প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রকৌশলী ও পৌর সচিবের মুখ্য ভূমিকা; পাঁচটি প্রকল্পের ক্ষেত্রে কাউন্সিলরদের অংশগ্রহণ না থাকা**
- **সম্ভাব্যতা যাচাই না করেই প্রকল্প প্রস্তাবনা প্রণয়ন**
  - একটি প্রকল্পে বর্জ্য ব্যবস্থাপনা প্লান্টের জন্যে বসতবাড়ি থেকে আবর্জনা সংগ্রহের পরিকল্পনা ছিল কিন্তু বেশিরভাগ জনগণ সেজন্য অর্থ প্রদানে আগ্রহী হয়নি
  - একটি প্রকল্পে পরিবারভিত্তিক দুর্যোগ সহনশীল ঘর নির্মাণের নকশায় দুর্যোগকালে প্রয়োজনীয় জিনিসপত্র সংরক্ষণের জন্য যথাযথ ব্যবস্থা না রাখা। সম্ভাব্যতা যাচাই করলে ঘরের নকশায় বিষয়টি যুক্ত করা যেত

# প্রকল্প প্রণয়নে সুশাসনের চ্যালেঞ্জ...

## *যৌক্তিকতা, জনঅংশগ্রহণ ও সংগতি*

- চারটি প্রকল্পের ক্ষেত্রে কমিউনিটি পর্যায়ে চাহিদা নিরূপণ ও বিপদাপন্নতা বিশ্লেষণ ছাড়াই প্রস্তাবনায় যেসব সমস্যা উল্লেখ করা হয় তার ভিত্তিতে অর্থায়নকারী প্রতিষ্ঠান থেকে প্রকল্প কর্মসূচি এবং বাজেট কমানো হয়। সেক্ষেত্রে প্রকল্পের দীর্ঘমেয়াদী ফলাফল বিবেচনা করা হয় না
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানের জন্য বার্ষিক উন্নয়ন বাজেট সীমিত হওয়ায় বেশিরভাগ ক্ষেত্রে বাস্তবায়নকারী প্রতিষ্ঠানগুলো কর্তৃক বিসিসিটি তহবিলকে অতিরিক্ত অর্থের উৎস হিসেবে ব্যবহার
- চারটি প্রকল্পের ক্ষেত্রে জলাবদ্ধতা সৃষ্টির জন্য নদীর নাব্যতা সংকট ও জলাভূমি ভরাট মূল কারণ হলেও জলাবদ্ধতাকে জলবায়ু পরিবর্তনের প্রভাব হিসেবে দেখানো হয়েছে
- জলবায়ু তহবিল ব্যবহার করে স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত চারটি প্রকল্পে গতানুগতিক অবকাঠামো নির্মাণ

# প্রকল্প বাস্তবায়নে সুশাসনের চ্যালেঞ্জ

## *স্বচ্ছতা, সংগতি, ন্যায্য বন্টন ও শুদ্ধাচার*

- **প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে তথ্যের উন্মুক্ততায় ঘাটতি**
  - ছয়টি প্রকল্পের মধ্যে চারটিতে তথ্য বোর্ডের মাধ্যমে প্রকল্প সংক্রান্ত তথ্যাদি প্রকাশ না করা। অপর একটি প্রকল্পে বাস্তবায়ন শেষ হওয়ার পর তথ্য বোর্ড স্থাপন
  - বিসিসিসিটি, স্থানীয় সরকার বিভাগ, সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের ওয়েবসাইটে প্রকল্প সম্পর্কিত পূর্ণাঙ্গ তথ্য না থাকা
  - কোনো প্রকল্পেই ই-টেন্ডার অনুসরণ না করা
- **তিনটি প্রকল্পে প্রস্তাবনার সাথে বাস্তবায়নের অসঙ্গতি**
  - একটি প্রকল্পে জমির মালিককে অবহিত না করা এবং ক্ষতিপূরণ না দেওয়ায় বিরোধ তৈরি এবং কাজ সম্পন্ন না করেই প্রকল্পের সমাপ্তি
  - একটি প্রকল্পে বর্জ্য ব্যবস্থাপনার উদ্দেশ্যে সচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচি থকলেও বাস্তবায়ন তা করা হয় নি
  - অপর একটি প্রকল্পে আংশিক বাস্তবায়ন – চারটি স্কিমের মধ্যে তিনটি বাস্তবায়ন

# প্রকল্প বাস্তবায়নে সুশাসনের চ্যালেঞ্জ...

## *স্বচ্ছতা, সংগতি, ন্যায্য বন্টন ও শুদ্ধাচার*

- **জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০-এ জলবায়ু প্রকল্পের সাথে অন্য প্রকল্পের দ্বৈততা পরিহারের নির্দেশ থাকলেও একটি প্রকল্পের মাধ্যমে অন্য প্রকল্পের অসমাপ্ত প্রাচীর নির্মাণ**
- **দরপত্র প্রক্রিয়ায় অনিয়ম ও দুর্নীতির অভিযোগ**
  - পাঁচটি প্রকল্পের ক্ষেত্রে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সচিব, মেয়র ও প্রকৌশলী কর্তৃক আত্মীয়, বন্ধু এমনকি রাজনৈতিক বিবেচনায় ঠিকাদার নির্বাচন
  - তিনটি প্রকল্পে নিয়ম বহির্ভূত অর্থের বিনিময়ে ঠিকাদার নির্বাচনের অভিযোগ
- **একটি প্রকল্পে তহবিল বরাদ্দের পরও নবনির্বাচিত মেয়র ভিন্ন রাজনৈতিক দল সমর্থিত হওয়ায় প্রকল্প পরিচালক পরিবর্তন করে অন্য প্রতিষ্ঠানকে বাস্তবায়নের দায়িত্ব প্রদান**
- **পার্বত্য চট্টগ্রাম বিধি, ১৯০০ অনুযায়ী আদিবাসীরা করের আওতামুক্ত হওয়ায় পার্বত্য চট্টগ্রামের একটি প্রকল্পে কর ও মূসক ফাঁকি দেওয়ার উদ্দেশ্যে কাগজে কলমে আদিবাসী ঠিকাদার নির্বাচন কিন্তু বাঙালী ঠিকাদার কর্তৃক কাজ সম্পন্ন**

# প্রকল্প বাস্তবায়নে সুশাসনের চ্যালেঞ্জ...

## *স্বচ্ছতা, সংগতি, ন্যায্য বন্টন ও শুদ্ধাচার*

- **একটি প্রকল্পে দুর্যোগ সহনশীল ঘর নির্মাণের বিভিন্ন পর্যায়ে উপকারভোগীরা আংশিক রড-সিমেন্ট ক্রয়, পরিবহন খরচ ও মিস্ত্রিদের আপ্যায়ন বাবদ ১০,০০০-৮০,০০০ টাকা ব্যয় করতে বাধ্য হন যদিও প্রকল্প প্রস্তাবনায় এ ধরনের ব্যয় বহনের বিধান বা সুযোগ ছিল না**

- **দু'টি প্রকল্পে অধিক ঝুঁকিপূর্ণ এলাকা উপেক্ষা করে তুলনামূলক কম ঝুঁকিপূর্ণ এলাকা নির্বাচন**
  - একটি প্রকল্পে ভূমিধ্বসপ্রবণ এলাকার ঝুঁকি হ্রাস না করে পৌরসভা রক্ষার জন্য প্রাচীর নির্মাণ
  - একটি প্রকল্পে অধিক ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর পরিবর্তে কম ঝুঁকিপূর্ণ এলাকার পরিবারের জন্য দুর্যোগ সহনশীল ঘর নির্মাণ


- **একটি প্রকল্পে প্রত্যক্ষ উপকারভোগী নির্বাচনে স্বজনপ্রীতি ও নিয়ম বহির্ভূত অর্থের মাধ্যমে তুলনামূলক স্বচ্ছল উপকারভোগী নির্বাচনের অভিযোগ। এছাড়া লক্ষিত উপকারভোগী পরিবারের বাইরেও ঘর নির্মাণ করে দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে নিয়ম বহির্ভূত অর্থ আদায়ের অভিযোগ**

# প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়নে সুশাসনের চ্যালেঞ্জ

## *জবাবদিহিতা ও জনঅংশগ্রহণ*


- বিসিসিটি কর্তৃক গুণগত পরিবীক্ষণের ঘাটতি এবং বাস্তবায়নকারী প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত পরিমাণগত তথ্যের উপর ভিত্তি করে প্রকল্প পরিবীক্ষণ
- অভিযোগ জানানোর ব্যবস্থা না থাকা
- প্রকল্প বাস্তবায়নকালে স্থানীয় সরকার বিভাগ ও স্থানীয় প্রশাসন কর্তৃক পরিবীক্ষণের ঘাটতি
- বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কর্তৃক প্রকল্প মূল্যায়নে ঘাটতি
- পরিবীক্ষণের সময় স্থানীয় জনগোষ্ঠীকে কার্যকরভাবে সম্পৃক্ত না করা

# সুশাসনের সূচকের আলোকে স্থানীয় উপকারভোগী কর্তৃক প্রকল্প বাস্তবায়ন সম্পর্কে অভিমত*




*দুর্বল (<৩); মোটামুটি (৩-৩.৯৯); শক্তিশালী (≥৪)

# উপকারভোগীদের অভিমত অনুযায়ী প্রকল্পসমূহে সুশাসনের সার্বিক অবস্থা*




*সুশাসনের মাপকাঠিতে উপকারভোগীগণ কোনো প্রকল্পকেই শক্তিশালী মনে করেননি।

**প্রকল্প ৪ (সিটি কর্পোরেশন) কমিউনিটিতে বাস্তবায়িত হয়নি। প্রকল্পটি নদীখনন যন্ত্র ক্রয় সংক্রান্ত। তাই স্কোরকার্ডে অন্তর্ভুক্ত করা সম্ভব হয়নি**


# সুশাসনের ঘাটতির কারণ

- ## আইন, নীতিমালা ও নির্দেশিকায় দুর্বলতা
  - বিসিসিএসএপি, ২০০৯ এবং জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০-এ স্বচ্ছতা, জনঅংশগ্রহণ ও ন্যায্য বণ্টন নিশ্চিত করার বাধ্যবাধকতার অনুপস্থিতি
  - প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা, ২০১২-তে প্রকল্পের যৌক্তিকতা যাচাই সম্পর্কে উল্লেখ থাকলেও প্রস্তাবনায় উল্লেখিত যৌক্তিকতা কোন ভিত্তিতে যাচাই করা হবে তার পদ্ধতি সম্পর্কে যথাযথভাবে উল্লেখ না থাকা
- ## সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা ও সমন্বয়ের ঘাটতি
  - স্থানীয় সরকার প্রতিষ্ঠানমূহের জলবায়ু বিষয়ক কারিগরী জ্ঞান ও সক্ষমতা বৃদ্ধির উদ্যোগ না থাকা
  - স্থানীয় সরকার বিভাগে জলবায়ু প্রকল্প তদারকিতে জনবলের ঘাটতি
  - বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ কিংবা স্বাধীন কোনো প্রতিষ্ঠানের মাধ্যমে জলবায়ু প্রকল্প মূল্যায়নের কথা থাকলেও সেক্ষেত্রে উদ্যোগের ঘাটতি
  - জনবল সংকট ও অধিদপ্তর পরিবর্তন হওয়ার কারণে মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক কর্তৃক জলবায়ু প্রকল্প নিরীক্ষায় অগ্রাধিকার প্রদান না করা
  - বিসিসিটি'র জলবায়ু সহনশীল ব্যবস্থা তৈরি বিষয়ক জ্ঞান ও কারিগরি দক্ষতা এবং জনবলের ঘাটতি
- ## প্রকল্প পর্যালোচনা এবং অনুমোদন প্রক্রিয়ায় দুর্বলতা
  - প্রয়োজন থাকা সত্ত্বেও অর্থের সীমাবদ্ধতাকে কারণ হিসেবে উল্লেখ করে কর্মসূচি ও বাজেট কমানোর নির্দেশনা দেওয়া হয়। অন্যদিকে বিদ্যমান তহবিল দিয়ে বেশি এলাকা অন্তর্ভুক্ত করার প্রবণতাও লক্ষণীয়


# সুশাসনের ঘাটতির কারণ...

- **স্থানীয় জলবায়ু বিপদাপন্নতা এবং বরাদ্দের মধ্যে অসামঞ্জস্য**
  - প্রকল্প অনুমোদনে ট্রাস্টি বোর্ডের সদস্যদের একাংশের এলাকায় বরাদ্দের প্রাধান্য
  - জলবায়ু ঝুঁকি ও বিপদাপন্নতা যথাযথভাবে যাচাই না করেই কিছু এলাকায় বেশি বাজেটের প্রকল্প অনুমোদন
  - জলবায়ু পরিবর্তনজনিত বিপদাপন্নতা নেই এমন এলাকায় প্রকল্প অনুমোদন। উদাহরণস্বরূপ, স্বল্প বা দুর্যোগবিহীন এলাকায় প্রকল্প অনুমোদন

স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত প্রকল্পে বিসিসিটিএফ হতে এলাকাভিত্তিক অর্থ বরাদ্দ (শতাংশে)



# স্থানীয় জলবায়ু বিপদাপন্নতা এবং বরাদ্দের মধ্যে অসামঞ্জস্য...



# সুশাসনের ঘাটতির প্রভাব

- **প্রকল্পের ফলাফল কার্যকর না হওয়া**
  - একটি প্রকল্পে বর্জ্য ব্যবস্থাপনা প্ল্যান্ট ব্যবহৃত না হওয়া এবং বর্জ্য ট্রান্সফার স্টেশন ভিন্ন কাজে ব্যবহারের ফলে প্রকল্পের উদ্দেশ্য বাস্তবায়ন না হওয়া
  - আরেকটি প্রকল্পে জমি মালিকের আপত্তির কারণে ড্রেন নির্মাণ অসমাপ্ত
  - আরেকটি প্রকল্পে নির্মিত জলাধার দু'সপ্তাহের বেশি বৃষ্টির পানি সংরক্ষণে ব্যর্থ
  - আরেকটি প্রকল্পে বিদ্যালয় কাম আশ্রয়কেন্দ্র বিরোধপূর্ণ জায়গায় নির্মাণ করায় বিদ্যালয়ের ভবিষ্যৎ নিয়ে শিক্ষকদের মধ্যে উৎকণ্ঠা
- **বেশিরভাগ ক্ষেত্রে জলাবদ্ধতার মূল কারণ নদীর নাব্যতা হ্রাস, প্রাকৃতিক জলাধার ভরাট এবং অপরিকল্পিত শহরায়ন হলেও সেগুলোর সমাধান না হওয়ায় প্রকল্পগুলোর দীর্ঘমেয়াদী ফলাফল নিয়ে শঙ্কা**
- **প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মাথায় রেখে নিজস্ব প্রকল্প বাস্তবায়নের সক্ষমতা তৈরির বিষয়টি নিয়ে সংশয়**
- **স্থানীয় জনগণ জলবায়ু তহবিলের প্রত্যাশিত মাত্রায় সুফল হতে বঞ্চিত**





# সুশাসনের ঘাটতির কারণ, ফলাফল ও প্রভাব

| কারণ | ফলাফল | প্রভাব |
|---|---|---|
| ▪ আইন, নীতিমালা ও নির্দেশিকায় দুর্বলতা<br>▪ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা ও সমন্বয়ের ঘাটতি<br>▪ প্রকল্প পর্যালোচনা এবং অনুমোদন প্রক্রিয়ায় দুর্বলতা<br>▪ স্থানীয় জলবায়ু বিপদাপন্নতা এবং বরাদ্দের মধ্যে অসামঞ্জস্য<br>▪ বরাদ্দের ক্ষেত্রে রাজনৈতিক প্রভাব<br>▪ জবাবদিহিতার ক্ষেত্রে ঘাটতি<br>▪ জলবায়ু তহবিলে ঘাটতি | ▪ প্রকল্প বাস্তবায়নে জনঅংশগ্রহণ, স্বচ্ছতা, ন্যায্য বণ্টন ও কার্য-সম্পাদন দক্ষতার ক্ষেত্রে দুর্বলতা<br>▪ গতানুগতিক প্রকল্প প্রস্তাবনা অনুমোদন<br>▪ অনিয়ম ও দুর্নীতির অভিযোগ<br>▪ জলবায়ু ঝুঁকি বিবেচনা না করে প্রকল্প বাস্তবায়ন<br>▪ অধিক ঝুঁকিপূর্ণ এলাকা উপেক্ষা করে তুলনামূলক কম ঝুঁকিপূর্ণ এলাকা নির্বাচন<br>▪ প্রস্তাবনার সাথে বাস্তবায়নের অসঙ্গতি<br>▪ প্রকল্প বাস্তবায়নকালে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় প্রশাসন, এবং পরিবেশ অধিদপ্তর কর্তৃক পরিবীক্ষণের ঘাটতি<br>▪ গুণগত পরিবীক্ষণের ঘাটতি | ▪ প্রকল্পের ফলাফল কার্যকর না হওয়া<br>▪ প্রকল্পগুলোর দীর্ঘমেয়াদী ফলাফল নিয়ে শঙ্কা<br>▪ স্থানীয় জনগণ কর্তৃক জলবায়ু তহবিলের প্রত্যাশিত মাত্রায় সুফল হতে বঞ্চিত হওয়ার সম্ভাবনা |

# সার্বিক পর্যবেক্ষণ

- স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে জলবায়ু তহবিল বরাদ্দে দলীয় রাজনৈতিক প্রভাবের ব্যাপক দৃষ্টান্ত
- স্থানীয় পর্যায়ে জলবায়ু বিপদাপন্নতা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানে জলবায়ু তহবিল বরাদ্দের মধ্যে অসমাঞ্জস্য
- অর্থের সীমাবদ্ধতার কারণে জলবায়ু প্রকল্পের বাজেট কমানোর যুক্তি দেখানো হলেও বিদ্যমান তহবিল দিয়েই আবার বেশি এলাকা অন্তর্ভুক্ত করার প্রবণতা। ফলে জলবায়ু পরিবর্তন বিবেচনায় গুণগত ও টেকসই সমাধান গুরুত্ব না পাওয়া
- বেশিরভাগ ক্ষেত্রে স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক জলবায়ু তহবিল ব্যবহার করে নিয়মিত অবকাঠামোগত উন্নয়ন কর্মকাণ্ড অব্যাহত রাখা এবং জলবায়ু ঝুঁকি বিবেচনা না করে প্রকল্প বাস্তবায়ন
- জলবায়ু ঝুঁকি মোকাবেলা সংক্রান্ত কারিগরি দিক যথাযথভাবে বিবেচনা না করে গতানুগতিক প্রকল্প প্রস্তাবনা অনুমোদন
- সুশাসনের সূচকসমূহের মধ্যে জনঅংশগ্রহণ, স্বচ্ছতা ও কার্য-সম্পাদন দক্ষতার ক্ষেত্রে দুর্বলতা বেশিমাত্রায় লক্ষণীয়
- নীতিমালা ও আইনী দুর্বলতা, প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও সমন্বয়ের ঘাটতি, স্থানীয় জলবায়ু বিপদাপন্নতা এবং তহবিল বরাদ্দের মধ্যে অসামঞ্জস্য ও রাজনৈতিক প্রভাব এবং সুদূরপ্রসারী ও সুসংগঠিত পরিকল্পনার অভাবে প্রকল্পগুলো কর্তৃক কাঙ্খিত ফলাফল তৈরিতে সক্ষম না হওয়া

# সুপারিশ

| সুপারিশ | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|
| ▪ ***বিসিসিটি ট্রাস্টি বোর্ড পুনর্গঠন:*** জলবায়ু পরিবর্তন বিশেষজ্ঞ, নাগরিক সমাজের প্রতিনিধি, রাজনৈতিক স্বার্থের দ্বন্দ্ব নেই এমন ব্যক্তিদের নিয়ে ট্রাস্টি বোর্ড গঠন করতে হবে | পরিবেশ ও বন মন্ত্রণালয় |
| ▪ ***বিসিসিটি তহবিল বৃদ্ধি:*** জলবায়ু ঝুঁকি ও বিপদাপন্নতা বিবেচনায় বিভিন্ন ক্ষেত্রে দীর্ঘমেয়াদী সমাধান নিশ্চিত করার জন্য বিসিসিটি তহবিল বাড়াতে হবে | অর্থ মন্ত্রণালয় |
| ▪ ***স্থানীয় জলবায়ু ঝুঁকি যথাযথভাবে যাচাই করে প্রকল্প অনুমোদন:*** জলবায়ু ঝুঁকি ও বিপদাপন্নতা যথাযথভাবে যাচাই করে তার ভিত্তিতে প্রকল্প অনুমোদন বাধ্যতামূলক করতে হবে | পরিবেশ ও বন মন্ত্রণালয় |
| ▪ ***স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধি:*** জলবায়ু ঝুঁকি হ্রাসের জন্য সক্ষমতা বৃদ্ধি এবং এর মাধ্যমে জলবায়ু পরিবর্তনকে তাদের নিয়মিত কার্যক্রমে অন্তর্ভুক্ত করতে হবে। পাশাপাশি ইউনিয়ন ও উপজেলা পরিষদকে জলবায়ু প্রকল্প বাস্তবায়নে অন্তর্ভুক্ত করতে হবে | স্থানীয় সরকার বিভাগ, বিসিসিটি |
| ▪ ***বিসিসিটি'র ভূমিকা পরিমার্জন ও সক্ষমতা বৃদ্ধি:*** শুধু তহবিল ব্যবস্থাপনা নয়; বাস্তবায়নকারী সংস্থাসমূহের সক্ষমতা বৃদ্ধি এবং তদারকিতে বিসিসিটি'র ভূমিকা স্পষ্ট করা এবং প্রয়োজন অনুযায়ী জনবল বৃদ্ধি করতে হবে | পরিবেশ ও বন মন্ত্রণালয় |

# সুপারিশ...


| সুপারিশ | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|
| ▪ ***নীতিমালা, আইন ও নির্দেশিকা পরিমার্জন:*** চাহিদা নিরূপণ, সম্ভাব্যতা যাচাই, স্থানীয় জনগোষ্ঠীর কার্যকর সম্পৃক্ততা তৈরি, বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধি, স্বচ্ছতা, ন্যায্য বণ্টন এবং কার্যকর জবাবদিহিতার ব্যবস্থাসমূহ অবশ্য পালনীয় হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে | পরিবেশ ও বন মন্ত্রণালয়, আইন মন্ত্রণালয় |
| ▪ ***তথ্যের উন্মুক্ততা নিশ্চিতকরণ:*** ওয়েবসাইটে প্রকল্প প্রস্তাবনা, নিরীক্ষা, পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন এবং প্রকল্প এলাকায় দরপত্র, প্রকল্প নকশা, বাস্তবায়নকৃত এলাকা, বাজেট ইত্যাদি তথ্য বিলবোর্ড ও নাগরিক সনদের মাধ্যমে উন্মুক্ত করতে হবে | স্থানীয় সরকার বিভাগ, বিসিসিটি, স্থানীয় সরকার প্রতিষ্ঠান |
| ▪ ***কার্যকর জবাবদিহিতা ও তদারকি নিশ্চিত করার জন্য সমন্বয়:*** জবাবদিহিতার মানদন্ড, পরিবীক্ষণ ও নিরীক্ষা প্রক্রিয়া সুনির্দিষ্ট করে সংশ্লিষ্ট বিভাগ ও প্রতিষ্ঠানের সম্পৃক্ততা ও সমন্বয় নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে পরিবীক্ষণ ও মূল্যায়ন এবং নিরীক্ষার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের কারিগরি সক্ষমতা ও প্রয়োজনীয় জনবল বাড়াতে হবে। পাশাপাশি তদারকিতে নাগরিক অংশগ্রহণ নিশ্চিত করতে হবে | বিসিসিটি, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, স্থানীয় সরকার বিভাগ |

# ধন্যবাদ

## ▪ বাংলাদেশে জলবায়ু অর্থায়ন

| তহবিলের ধরন | অর্থায়নের উৎস | মোট তহবিল (কোটি টাকা) | বিতরণকৃত অর্থ (কোটি টাকা) |
|---|---|---|---|
| বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট তহবিল (বিসিসিটিএফ) | রাজস্ব বাজেট | ৩১০০ (২০০৯-২০১৭) | ২৬২৪.৬৮ (২০০৯-২০১৬) |
| ইউকে ইন্টারন্যাশনাল ক্লাইমেট ফান্ড | দ্বি-পাক্ষিক অর্থায়ন | ৫০৯.৯৮ (২০১৬ পর্যন্ত) | - |
| এএসএপি, জিইএফ ৪-৬, জিসিএফ, এলডিসিএফ, পিপিসিআর এবং ইউএনআরইডিডি | বহুপাক্ষিক অর্থায়ন | ১৫৯৩.৬ (২০১৬ পর্যন্ত) | ৪১০.১৯ (২০১৬ পর্যন্ত) |
| বাংলাদেশ জলবায়ু পরিবর্তন সহিষ্ণুতা তহবিল (বিসিসিআরএফ) | বহুপাক্ষিক অর্থায়ন | ১৪৬৭.৮৭ (২০১০-১৪) | ১০২৩.১১ (২০১১-১৪) |
| মোট | | **৬৬৭২.৩৫** | **৩৬২২৩৯** |


**এএসএপি:** অ্যাডাপটেশন ফর স্মলহোল্ডার এগ্রিকালচার প্রোগ্রাম; **জিইএফ:** গ্লোবাল এনভায়রনমেন্ট ফ্যাসিলিটি; **জিসিএফ:** গ্রীন ক্লাইমেট ফান্ড; **এলডিসিএফ:** লিস্ট ডেভেলপড কান্ট্রিস ফান্ড; **পিপিসিআর:** পাইলট প্রোগ্রাম ফর ক্লাইমেট অ্যান্ড রেজিলিয়েন্স; **ইউএনআরইডিডি:** ইউনাইটেড ন্যাশনস রিডিউসিং এমিশনস ফ্রম ডিফরেস্টেশন অ্যান্ড ফরেস্ট ডিগ্রেডেশন


বাংলাদেশ
গবেষণার জন্যে নির্বাচিত প্রকল্পসমূহ
পৌরসভা
দুর্যোগের ধরণ: খরা/জলাবদ্ধতা
প্রকল্প: পয়োঃনিষ্কাশন
বরাদ্দ: ০২ কোটি টাকা
পৌরসভা
দুর্যোগের ধরণ: নদী ভাঙ্গন/বণ্যা/জলাবদ্ধতা
প্রকল্প: পয়োঃনিষ্কাশন
বরাদ্দ: ০২ কোটি টাকা
পৌরসভা
দুর্যোগের ধরণ: জলাবদ্ধতা
প্রকল্প: বর্জ্য ব্যবস্থাপনা এবং পয়োঃনিষ্কাশন
বরাদ্দ: ৩.১১ কোটি টাকা
সিটি কর্পোরেশন
দুর্যোগের ধরণ: ঘূর্ণিঝড়/জলাবদ্ধতা
প্রকল্প: নদী খনন
বরাদ্দ: ৩.৯৯ কোটি টাকা
জিলা পরিষদ
দুর্যোগের ধরণ: লবণাক্ততা/ঘূর্ণিঝড়
প্রকল্প: দুর্যোগ সহিষ্ণু বসতবাড়ি নির্মাণ
বরাদ্দ: ০৪ কোটি টাকা
পৌরসভা
দুর্যোগের ধরণ: আকস্মিক বণ্যা/জলাবদ্ধতা
প্রকল্প: পয়োঃনিষ্কাশন এবং আশ্রয়কেন্দ্র
বরাদ্দ: ১.৬৯ কোটি টাকা
উঃ
সূচক
ঘূর্ণিঝড় ও জলোচ্ছাস প্রবণ এলাকা
১ পিপিটি স্যালাইনিটি আইসোলাইন
আন্তর্জাতিক সীমানা
জেলা সীমানা
প্রধান নদী
খরা প্রবণ এলাকা
বণ্যা প্রবণ এলাকা
০ ৬০ ১২০ ২৪০
কিলোমিটার
88°0'0"E
90°0'0"E
92°0'0"E
26°0'0"N
24°0'0"N
22°0'0"N
20°0'0"N

# অবকাঠামো নির্মাণ কেন্দ্রিক প্রকল্প প্রণয়ন

| প্রকল্প | প্রস্তাবনায় উল্লেখিত থিম | বাস্তবায়নকৃত থিম | প্রকল্প বরাদ্দ (কোটি টাকা) |
|---|---|---|---|
| ১. খরাপ্রবণ এলাকার পৌরসভায় ড্রেন নির্মাণ | অবকাঠামো | অবকাঠামো | ২.০০ |
| ২. ঘূর্ণিঝড় ও লবণাক্ত এলাকায় জেলা পরিষদ কর্তৃক পরিবারভিত্তিক দুর্যোগ সহনশীল ঘর নির্মাণ | অবকাঠামো | অবকাঠামো | ৪.০০ |
| ৩. পার্বত্য এলাকায় পৌরসভা কর্তৃক জলবায়ু সহিষ্ণু শহর প্রতিষ্ঠা | খাদ্য নিরাপত্তা, সামাজিক সুরক্ষা, স্বাস্থ্য ও অবকাঠামো | অবকাঠামো | ১.৬৯ |
| ৪. ঘূর্ণিঝড়প্রবণ এলাকায় সিটি কর্পোরেশন কর্তৃক নদীখনন যন্ত্র ক্রয় | - | সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা | ৩.৯৯ |
| ৫. বন্যাপ্রবণ এলাকায় পৌরসভা কর্তৃক জলাবদ্ধতা নিরসন | অবকাঠামো | অবকাঠামো | ২.০০ |
| ৬. স্বল্প দুর্যোগপ্রবণ বা দুর্যোগবিহীন এলাকায় পৌরসভা কর্তৃক বর্জ্য ব্যবস্থাপনা ও ড্রেন নির্মাণ | প্রশমন ও স্বল্প কার্বন নিঃসরণ এবং অবকাঠামো | প্রশমন ও স্বল্প কার্বন নিঃসরণ এবং অবকাঠামো | ৩.১১ |


# স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত বিসিসিটিএফ প্রকল্প



# বিশ্লেষণ কাঠামো

| সুশাসনের সূচক | পরিমাপক |
| --- | --- |
| যৌক্তিকতা | ১. প্রাকৃতিক দুর্যোগের প্রকোপ বৃদ্ধি; ২. চাহিদা নিরূপণ |
| সংগতি | ১. বিপন্নতা বিবেচনায় প্রকল্প কর্মসূচি নির্ধারণ; ২. পরিকল্পনার সাথে বাস্তবায়নের সংগতি |
| জনঅংশগ্রহণ | ১. প্রকল্প চাহিদা নিরূপণে জনসম্পৃক্ততা; ২. প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে জনসম্পৃক্ততা; ৩. প্রকল্প কার্যক্রম পরিবীক্ষণে জনসম্পৃক্ততা |
| স্বচ্ছতা | ১. প্রকল্প এলাকায় প্রকল্প সম্পর্কিত তথ্যের উন্মুক্ততা |
| জবাবদিহিতা | ১. বিসিসিটি ও সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রকল্প কার্যক্রম পরিদর্শন; ২. স্থানীয় সরকার প্রতিনিধি কর্তৃক প্রকল্প কার্যক্রম তদারকি |
| ন্যায্য বণ্টন | ১. সবচেয়ে বিপদাপন্ন এলাকায় প্রকল্প বাস্তবায়ন; ২. সবচেয়ে বিপদাপন্ন জনগোষ্ঠীকে অগ্রাধিকার; ৩. সবচেয়ে বিপদাপন্ন জনগোষ্ঠীকে প্রকল্পের সুফল প্রদান |
| কার্য-সম্পাদন দক্ষতা | ১. প্রকল্প কার্যক্রমের গুণগত মান সম্পর্কে উপকারভোগীদের মূল্যায়ন; ২. প্রকল্প কার্যক্রমে স্থানীয় জ্ঞানের সমন্বয়; ৩. স্থানীয় জনগোষ্ঠীর বিপদাপন্নতা হ্রাস; ৪. ভবিষ্যৎ দুর্যোগ ঝুঁকি হ্রাসের সম্ভাবনা |
| শুদ্ধাচার | ১. দরপত্র প্রক্রিয়ায় সততা; ২. বাস্তবায়ন এলাকা ও উপকারভোগী নির্বাচনে সততা |

# স্থানীয় উপকারভোগী কর্তৃক প্রকল্প বাস্তবায়নে সুশাসন সম্পর্কে অভিমত*




*দুর্বল (<৩); মোটামুটি (৩-৩.৯৯); শক্তিশালী (≥৪)

প্রকল্প ৪ (সিটি কর্পোরেশন) কমিউনিটিতে বাস্তবায়িত হয়নি। প্রকল্পটি নদীখনন যন্ত্র ক্রয় সংক্রান্ত। তাই স্কোরকার্ডে অন্তর্ভুক্ত করা সম্ভব হয়নি।